www.printo.it/pediatric-rheumatology/BD/intro

# টিউমার নেক্রোসিস ফ্যাক্টর রিসেপ্টর এসোসিয়েটেড পিরিওডিক সিনড্রোম (ট্রাপস) অথবা ফ্যামিলিয়াল হাইবারনিয়ান ফিবার

বিবরণ 2016

ডায়াগনোসিস এবং চিকিৎসাঃ

কিভাবে এ রোগ নির্নয় করা যায় ?

একজন অভিজ্ঞ চিকিৎসক একজন রোগী পরীক্ষার সময় রোগীর শারীরিক উপসর্গ দেখে এবং পারিবারিক মেডিকেল ইতিহাস থেকে এ রোগ সম্পর্কে সন্দেহ করতে পারে।

এই রোগের আক্রান্ত হবার সময়ে কয়েকবার রক্ত পরীক্ষা প্রদাহকে চিহ্নিত করতে সাহায্য করে।

এই রোগ নির্নয় শুধুমাত্র জীন পরীক্ষা করে নিশ্চিত করা যায়, সেটা জীনের মিউটেশন/ পরিবর্তন হয়েছে এটার প্রমান দিতে পারে। এ রোগের সাথে মিল রয়েছে এমন অন্যান্য রোগ, যেমন ঘনঘন জ্বর, সংক্রামক ব্যাধি, ক্যান্সার এবং অন্যান্য প্রদাহজনিত দীর্ঘস্থায়ী রোগ, অন্যান্য স্বপ্রদাহ সৃষ্টিকারী রোগ। যেমন Familial Mediterranean Fever (FMF) and Mevalonate Kinase Deficiency (MKD)

কি কি পরীক্ষা প্রয়োজন ?

এই রোগ নির্নয় করার জন্য কিছু ল্যাবরেটরী পরীক্ষার প্রয়োজন। রোগের আক্রান্তের সময় কিছু পরীক্ষা যেমন ইএসআর, সিআরপি, সিরাম এমেলয়েড এ প্রোটিন (এসএএ) রক্ত পরীক্ষা , ফিব্রিনোজেন এই পরীক্ষাগুলো প্রদাহের মাত্রা দেয়ার জন্য জরুরী। রক্তের এই পরীক্ষাগুলো রোগীর বাচ্চা উপসর্গ বিহীন হয়ে যাওয়ার পর পরীক্ষার রেজাল্ট স্বাভাবিক অথবা স্বাভাবিকের কাছাকাছি চলে এসেছে কিনা দেখার জন্য বার বার করা প্রয়োজন।
প্রস্রাব পরীক্ষা করা হয় প্রস্রাবে প্রোটিন (আমিষ) এবং লাল রক্ত কনিকা আছে কিনা দেখার জন্য আক্রান্তের সময়কালে কিছু ক্ষনস্থায়ী, অস্থায়ী পরিবর্তন হতে পারে। রোগীর amyloidosis হলে প্রস্রাব স্থায়ীভাবে প্রোটিন (আমিষ) উপস্থিত থাকতে পারে।

বিশেষায়িত জেনেটিক ল্যাবরেটরীতে TNFRI জীনের সুষ্ট বিশ্লেষন করা হয়।

এ রোগের চিকিৎসা কি?

এখনও পর্যন্ত এ রোগের সম্পূর্ণ রুপে সারিয়ে তোলার জন্য কোন চিকিৎসা অথবা এ রোগের প্রতিরোধ ব্যবস্থা পাওয়া যায়নি। কিছু ঔষধ যেমন Non-steroidal anti-inflammatory drugs NSAIDs যেমন ibuprofen,

naproxen অথবা indomethacin রোগের উপসর্গ কমাতে সাহায্য করে। High dose corticosteroids ও কার্যকরী কিন্তু এর দীর্ঘদিনের ব্যবহার বিভিন্ন পার্শ্বপ্রতিক্রিয়া তৈরী করে। soluble TNF receptor (etanercept) ও কিছু রোগীর ক্ষেত্রে জ্বরের আক্রমন প্রতিহত করতে কার্যকরী দেখা গিয়েছে। অপরপক্ষে monoclonal antibodies against TNF ব্যবহার করলে এ রোগ বেড়ে যেতে পারে। সম্প্রতি কিছু টিআরএপিএস রোগে আক্রান্ত শিশুর ক্ষেত্রে আরেকে IL-1 receptor blocking ঔষধ ব্যবহার করে ভালো প্রতিক্রিয়া পাওয়া গিয়েছে।

ঔষধের পার্শ্বপ্রতিক্রিয়া কি কি?

কি কি ঔষধ ব্যবহৃত হচ্ছে তার উপর পার্শ্বপ্রতিক্রিয়া নির্ভর করে। এনএসএআইডিএস ব্যবহার করলে মাথাব্যথা, পাকস্থলীতে আলসার, কিডনী বিকল হয়ে যেতে পারে।. Corticosteroids and biologic agents ব্যবহার করলে (TNF and IL-1 blockers) শরীরে ইনফেকশন (সংক্রামক ব্যাধি) হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। তাছাড়া পড়ৎঃরপড়ংঃবৎড়রফ বিভিন্ন ধরনের পার্শ্বপ্রতিক্রিয়া করতে পারে।

কতদিন পর্যন্ত চিকিৎসা চালানো উচিত ?

এটা এখনও পর্যন্ত সুনির্দিষ্টভাবে পরিষ্কার নয় যে প্রতিবার নতুন জ্বরের শুরুতে চিকিৎসা করা উচিত নাকি চিকিৎসা সব সময় চালানো উচিত, কারন অল্প সংখক রোগীর ক্ষেত্রে anti-TNF and anti-IL-1 দিয়ে চিকিৎসা দেয়া হয়েছে।

এ রোগের অপ্রচলিত অথবা বাড়তি চিকিৎসা আছে কিনা ?

এখানে কোন ধরনের কার্যকরী বাড়তি চিকিৎসার কোন প্রকাশিত গবেষনা পত্র পাওয়া যায়নি

কিছু সময় অন্তর কি ধরনের পরীক্ষা করা প্রয়োজন ?

রোগী চিকিৎসা পেয়েছে, সে ক্ষেত্রে ২-৩ মাস অন্তর রক্ত পরীক্ষা এবং প্র¯্রাব পরীক্ষা করা উচিৎ।

এ রোগের স্থায়িত্ব কতদিন ?

TRAPS সারাজীবন থাকতে পারে। যদিও বয়স বাড়ার সাথে সাথে জ্বরের প্রকোপ বলে আসে কিন্তু রোগের দীর্ঘমেয়াদী এবং পরিবির্তনশীল উপস্থিতি পরিলক্ষিত হয়। দূর্ভাগ্যজনক ভাবে এই অগ্রগতি amyloidosis হওয়ার সম্ভাবনাকে প্রতিরোধ করেনা।

এ রোগ থেকে কি সম্পূর্ণ নিরাময় সম্ভব ?

না, কারন TRAPS একটি জিনেটেকি (জন্মগত) রোগ।